দৈনিক বাংলা

তারিখ ... ৩।৭।৭৪ ...
পৃষ্ঠা ... কলাম ...

167

# পলিটেকনিকে ভর্তির ঝামেলা

ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃপক্ষ ছাত্র ভর্তির ব্যাপারে দীর্ঘ দিনের এক কর্মসূচী নিয়েছিলেন তা হলো : ৯ই আগস্ট ইনস্টিটিউট নোটিশ বোর্ডের মাধ্যমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণে উপযুক্ত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ। ১২ ও ১৩ই আগস্ট লিখিত পরীক্ষা। ১৭ই আগস্ট লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে উপযুক্ত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ এবং ১৮ই আগস্ট মৌখিক পরীক্ষা। চূড়ান্ত ফলাফল প্রকাশ ২২শে আগস্ট এবং ২৩ তারিখ থেকে ৩১ তারিখ পর্যন্ত ভর্তি।

সে অনুসারে আমরা ভর্তি ইচ্ছুক ছাত্ররা দূরদূরান্ত থেকে অভিভাবকদের কষ্টার্জিত অর্থ থেকে দীর্ঘ দিনের খরচ নিয়ে ভর্তি পরীক্ষার জন্যে আসি। ময়মনসিংহে আমাদের কোন আত্মীয় স্বজন না থাকায় ইনস্টিটিউট বারান্দায় শুয়ে বসে রাত কাটিয়ে লিখিত পরীক্ষার ফলাফল জানার জন্যে আমরা অপেক্ষা করি। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, কর্তৃপক্ষ নোটিশ দিয়েছেন লিখিত পরীক্ষার ফলাফল জানানো হবে ২১ তারিখে এবং মৌখিক পরীক্ষার তারিখ ঐদিনই জানানো হবে। অথচ সে ফলাফল বা মৌখিক পরীক্ষার এখনও কোন হদিস নেই।

এ অবস্থায় আমরা যারা অতিরিক্ত টাকা পয়সা নিয়ে আসতে পারিনি তারা কিভাবে অনির্দিষ্টকালের জন্যে কর্তৃপক্ষের ইচ্ছা মাফিক পরীক্ষা গ্রহণ পদ্ধতির জন্যে অপেক্ষা করে যাব সেটা বিবেচনা সাপেক্ষ। আজ আমাদের অনেককেই লিখিত পরীক্ষার ফলাফল না জেনেই ভর্তির আশা ছেড়ে দিয়ে বাড়ি ফিরে যেতে হচ্ছে।

আমাদের প্রশ্ন কর্তৃপক্ষের গড়িমসির মাধ্যমে নিরীহ ছাত্রদের এরূপ হয়রানীর কি অর্থ হয়? ছাত্র ভর্তির মতো একটা সাধারণ ব্যাপারে সঠিক ডিসিশন নিয়ে তা কার্যকরী করতে বিঘ্ন কোথায়?

সাইফুল ইসলাম,
কমলাপুর, ঢাকা।